

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৬৬
সোনামুড়া, ১৬ জানুয়ারি, ২০২৫

প্রজাতন্ত্র দিবস ও পূর্ণরাজ্য দিবস উপলক্ষে সোনামুড়ায় প্রস্তুতি সভা

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস, নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মজয়ন্তী এবং ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। এই উপলক্ষে সম্প্রতি সোনামুড়া টাউনহলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন সোনামুড়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী। উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ, সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মহেন্দ্র কাম্বৈ চাকমা, সোনামুড়া নগরপঞ্চায়েতের কাউন্সিলারগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক, বিভিন্ন সামাজিক সংস্থা ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত হয় ২১ জানুয়ারি সোনামুড়া মহকুমা ভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপনের মূল অনুষ্ঠান হবে সোনামুড়া টাউনহলে। এখানে আয়োজিত হবে আলোচনাচক্র ও ছাত্রছাত্রীদের মধ্যে মুক্ত কুইজ। এর আগে সোনামুড়া নগরপঞ্চায়েতের প্রধান পথ ধরে আয়োজিত হবে ছাত্রছাত্রীদের সমন্বয়ে র্যালি। ২৩ জানুয়ারি নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে অনুষ্ঠিত হবে সুসজ্জিত ট্যাবলু সমন্বয়ে শোভাযাত্রা। এর পর নেতাজী চৌমুহনীতে নেতাজী মূর্তির পাদদেশে অনুষ্ঠিত হবে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান। ঐদিন সোনামুড়া স্পোর্টিং গ্রাউন্ডে আয়োজিত হবে অ্যাথলেটিক্স মিটা। ২৬ জানুয়ারি ভারতের ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে প্রভাতফেরি অনুষ্ঠিত হবে। সকাল ৯টায় সোনামুড়া স্পোর্টিং গ্রাউন্ডে আয়োজিত হবে মহকুমা ভিত্তিক মূল অনুষ্ঠান। জাতীয় পতাকা উত্তোলনের পর আয়োজিত হবে কুচকাওয়াজ, প্যারেড ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ঐদিন দুপুরবেলা সোনামুড়া স্পোর্টিং গ্রাউন্ডে অনুষ্ঠিত হবে টি-২০ ক্রিকেট ম্যাচ। সন্ধ্যায় সোনামুড়া টাউনহলে আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।
